

জেলা পরিষদ  
বগুড়া  
zp.bogra.gov.bd



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি


ট্রাক টার্মিনাল ইজারার শর্তাবলী

শর্তাবলী :

- ০১। দরপত্রে উল্লেখিত মূল্যের সমুদয় অর্থ ১০০% (একশত ভাগ) এবং ১৫% মূল্য সংযোজন কর এবং ১০% আয়কর হিসেবে মোট ২৫% বি-ডি/সি-ডি/পি-অর্ডার (এম.আই.সি.আর) আকারে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বগুড়া এর বরাবরে দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০২। ইজারা দরপত্রে উল্লেখিত মূল্য অংকে ও কথায় পরিষ্কার করে লিখতে হবে। সন্দেহযুক্ত লেখা (ঘষা-মাজা বা ফুইড দিয়ে লেখা) দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৩। নগদ অর্থ কিংবা চেক দরপত্রের সাথে দাখিল করা যাবে না। দাখিল করলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০৪। দরপত্র খোলার পর কম বা বেশী দর উল্লেখ করে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ০৫। দরপত্র গ্রহণ বা মূল্যায়নে পিপিআর- ২০০৮ অনুসরণ করা হবে।
- ০৬। ট্রাক-টার্মিনালে ট্রাক অবস্থানের জন্য নিম্নোক্ত হারে টোল আদায় করা যাবে :

ট্রাকের ধারণ ক্ষমতা	৩টন	৫টন	১০টন	১০টনের উর্দে	মন্তব্য
টোল হার (টাকা)	২০/-	৪০/-	৫০/-	৬০/-	ইজারাদার ট্রাক টার্মিনালের টোল স্লিপের মাধ্যমে টোল আদায় করবেন। টার্মিনালে ট্রাক প্রবেশের পর টার্মিনাল ত্যাগের সময় টোল আদায় করা যাবে, একই দিন মালামাল নামিয়ে টার্মিনালে ফিরলে ঐ ট্রাকের নিকট থেকে আর টোল আদায় করা যাবে না। টোল চার্ট ইজারাদার নিজ দায়িত্বে টার্মিনালের প্রকাশ্য স্থানে সাইন বোর্ড আকারে লিখে প্রদর্শনের ব্যবস্থা করবেন।

- ০৭। ট্রাক টার্মিনালের বিদ্যুৎ বিল, পানির বিল, ইজারাগ্রহীতা নিজ দায়িত্বে পরিশোধ করবেন এবং প্রয়োজনীয় জনবল ও অন্যান্য ব্যয় ইজারাগ্রহীতা নিজ দায়িত্বে নির্বাহ করবেন। ইজারা মেয়াদের সময়ে কোন বিদ্যুৎ বিল বা পানির বিল বকেয়া থাকলে ইজারা গ্রহীতা পরবর্তী ইজারা কার্যক্রমে অংশগ্রহণের যোগ্যতা হারাবেন এবং বকেয়া বিল তার নিকট থেকে সরকারী দাবী আদায় আইন, ১৯১৩ বা সংশ্লিষ্ট আইনানুগ পদ্ধতিতে আদায় করা হবে।
- ০৮। ইজারা প্রদানের ৭ দিনের মধ্যে জেলা পরিষদের সাথে চুক্তি সম্পাদন করতে হবে।
- ০৯। টার্মিনাল পরিচালনার জন্য সরকার/বিআরটিএ নির্ধারিত বিধানাবলী কার্যকর থাকবে।
- ১০। ট্রাক টার্মিনালের ইজারা গ্রহীতা কোন উপ-ভাড়াটিয়া বা সাব-লিজ প্রদান করতে পারবেন না এবং মেয়াদ উত্তীর্ণের পর ইজারা আপনা আপনি/স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।
- ১১। ট্রাক টার্মিনালের ইজারা গ্রহীতা জেলা পরিষদের পূর্বনুমতি ব্যতিরেকে টার্মিনালের স্থাবর ও অস্থাবর সম্পত্তির কোনরূপ পরিবর্তন ও পরিবর্ধন করতে পারবে না।
- ১২। নাবালকের নামে দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১৩। ইজারাগ্রহীতা নিজ দায়িত্বে কর্তৃপক্ষকে অবহিত করে ও অনুমতি সাপেক্ষে টার্মিনাল রক্ষণাবেক্ষণ ও ছোট খাট মেরামত কাজ সম্পন্ন করতে পারবেন।
- ১৪। ইজারাগ্রহীতা সকাল ৮.০০টা হতে রাত ৮.০০ টা পর্যন্ত বগুড়া পৌর এলাকার কোন সড়ক/মহাসড়কের পাশে দাঁড়ানো ট্রাকের বিরুদ্ধে প্রয়োজনীয় শাস্তিমূলক কার্যক্রম গ্রহণের জন্য প্রশাসনকে সহযোগিতা করবেন। জেলার বাইরে থেকে আগত ট্রাক সমূহ টার্মিনালে স্লিপ নিয়ে ধার্য সময়ের মধ্যে (রাত ৮.০০টা হতে সকাল ৮.০০ টা পর্যন্ত) শহরে প্রবেশ করবে।
- ১৫। ইজারাগ্রহীতা ট্রাক চালক শ্রমিকদের অবস্থানের জন্য প্রয়োজনীয় লাইট, ফ্যান, পানির ব্যবস্থা করবেন এবং নিয়মিত টয়লেট মেরামতসহ সহ টার্মিনাল এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।
- ১৬। ইজারাগ্রহীতাকে ইজারাকৃত ট্রাক টার্মিনাল হস্তান্তর গ্রহণের পূর্বে ৩০০/- (তিন শত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে লিখিত চুক্তিনামা সম্পাদন করতে হবে।
- ১৭। উপরি-উক্ত যে কোন শর্ত লংঘনের দায়ে কর্তৃপক্ষ ইজারা বাতিল করতে পারবেন।
- ১৮। কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

  
প্রধান নির্বাহী কর্মকর্তা,  
জেলা পরিষদ, বগুড়া।

ফোন নং- ০২৫৮৯৯০১৮১২।